



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।



[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৩.৯৯.০১৪.২০২২- ৪২০

তারিখ : ০৮/০৫/২০২৩খ্রি।

বিষয় : যোগদানের তথ্যাদি প্রেরণ।

সূত্র : (১) মাউশি অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৩.৯৯.২৩.২০২০-৩৯৫, তারিখ : ৩০/০৪/২০২৩খ্রি।  
(২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৭.০৬.০০২.২০১৭-১৬৭, তারিখ: ০৩/০৫/২০২৩খ্রি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বি.সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ২০/০৩/২০২৩ তারিখের ৩৭.০০.০০০০.০৬৭.০৬.০০১.২০২২-১১৪ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক সহযোগী অধ্যাপক পর্যায়ের কর্মকর্তাদের অধ্যাপক পদে পদোন্নতি প্রদানপূর্বক কলেজ/প্রতিষ্ঠানে পদায়ন করা হয় এবং অবিলম্বে বিমুক্তি এবং যোগদান প্রক্রিয়া সম্পন্নকরণের জন্য নির্দেশনা প্রদান করা হয় কিন্তু পদোন্নতিপ্রাপ্ত অনেক কর্মকর্তা এখনো বর্তমান পদ ও কর্মস্থল হতে বিমুক্তি এবং পদায়নকৃত পদ ও কর্মস্থলে যোগদান প্রক্রিয়া সম্পন্ন করেননি তাদেরকে সূত্রোক্ত ১ নং পত্রে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে বিমুক্তি ও পদায়নকৃত পদ এবং কর্মস্থলে যোগদান প্রক্রিয়া সম্পন্নকরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল।

এমতাবস্থায়, উপরোক্ত তারিখে পদোন্নতির প্রজ্ঞাপনে উল্লিখিত নির্দেশনা মোতাবেক যে সকল কর্মকর্তা বর্তমান পদ ও কর্মস্থল হতে বিমুক্তি ও পদায়নকৃত পদ এবং কর্মস্থলে যোগদান প্রক্রিয়া সম্পন্ন করেননি তাঁদের তথ্যাদি সংশ্লিষ্ট অধ্যক্ষ/অফিস প্রধানগণ আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে [ddgovtcollege@gmail.com](mailto:ddgovtcollege@gmail.com) এ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

[ বিষয়টি অতীব জরুরি ]

  
( প্রফেসর মোঃ ওয়াহিদুজ্জামান )

উপপরিচালক (কলেজ-১)

ফোন : ৯৫৫৮৫০৫

অধ্যক্ষ/অফিস প্রধান (সকল)

অনুলিপি :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ৩। পরিচালক (সকল), আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ৫। সংরক্ষণ নথি।